

ছেলে হোক মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য জেলা পরিষদ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বান্দরবান।

www.fpo.bandarban.gov.bd

স্মারক নং- জেপপ/বা-বান/২০২৩-১১০৭


তারিখঃ-

৭ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট, ২০২৩

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, সারা দেশে মাতৃ ও শিশু স্বাস্থ্যের উন্নয়নের জন্য ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য সেবা কেন্দ্রগুলোর ভূমিকা অপরিসীম। বিষয়টি অনুধাবন করে পরিবার পরিকল্পনা অধিদপ্তর মাতৃ ও শিশু স্বাস্থ্যের উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোকে শক্তিশালী করার বিষয়টিকে বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। ইউনিয়নে অবস্থিত হওয়ার কারণে এই কেন্দ্রগুলো দুর্গম এলাকার সাধারণ মানুষের নাগালের মধ্যে, ফলে এই কেন্দ্রগুলোকে মান সম্পন্ন সেবা প্রদানের উপযোগী করা গেলে মাতৃ ও শিশু স্বাস্থ্যের, বিশেষ করে নিরাপদ ও স্বাভাবিক প্রসব সেবার উল্লেখযোগ্য অগ্রগতি ঘটানো সম্ভব। বাংলাদেশে মাতৃ মৃত্যুর হার এখনও অনেক বেশী। এখনও ১০০০০০ জন গর্ভবতী মা সন্তান জন্ম দিতে গিয়ে ১৬৩ জন মা মারা যাচ্ছে। আমরা যদি ১০০ ভাগ প্রাতিষ্ঠানিক প্রসব সেবা দিতে পারি তাহলে মাতৃ মৃত্যু অর্ধেকে নামিয়ে আনা সম্ভব। মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে আলীকদম উপজেলার চৈক্ষ্যং ইউনিয়নকে “০” হোম ডেলিভারী পাইলটিং হিসেবে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যার ফলে গর্ভকালীন সেবা, প্রসবকালীন সেবা (ডেলিভারী), প্রসবোত্তর সেবা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। তারই ধারাবাহিকতায় সদর উপজেলাতেও এর কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। “০” হোম ডেলিভারী এই উদ্যোগটি মা ও শিশুর মৃত্যু রোধে এবং তাদের স্বাস্থ্যের উন্নয়নের ব্যাপক ভূমিকা রাখবে।

এই মহৎ উদ্যোগটির সাফল্য কামনা করছি।


(ডা. অংচন্দ্র) ২২.৮.২০২৩
উপ-পরিচালক

পরিবার পরিকল্পনা, বান্দরবান।

ফোন: ০২৩৩৩৩০২১৯২

ইমেইল- ddbandarban@dgifp.gov.bd